

এসএসসি প্রশ্নপত্র ফাঁস

দুইজন সরকারী কর্মকর্তা ও ১৩ জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

রেজাশুর রহমান ॥ এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত থাকার অভিযোগে ২ জন সরকারী কর্মকর্তা ও ১৩ জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হই-

য়াছে। অভিযুক্ত সরকারী কর্মকর্তাদ্বয় হইলেন চকোরিয়া থানার ম্যাজিস্ট্রেট হাসান মাহমুদ এবং হালুয়াঘাটের সহকারী কমিশনার (ভূমি) মোঃ (২য় পৃ: ৮-এর ক: দ্র:)

এসএসসি প্রশ্নপত্র

(১ম পৃ: পর)

হেলাল উদ্দিন। ইহাদের বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করা হইয়াছে। অভিযুক্ত শিক্ষক চকোরিয়া সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ হাবিবুর রহমান, সহকারী শিক্ষক নুরুল আলম ও আহমেদ করীর। এই ৩ শিক্ষককে চাকরী হইতে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে। প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত থাকার অভিযোগে শাহ উমরাবাদ উচ্চবিদ্যালয়ের শিক্ষক মাহমুদুর রহমান, বহাদুর কাটি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রহমত উল্লাহ, দরবেশ কাটা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল বাশার, গাব্রিয়জুরী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল সালাম, হালুয়াঘাট উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষক মদন মোহন সরকার, সেন্ট এ্যাণ্ডরোজ উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক প্রণব কুমার সরকার, বিরই ডাকুনী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক কল্যাণ কুমার দত্ত, হালুয়াঘাট বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক নারায়ণচন্দ্র দাস, বিরই ডাকুনী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক হারুন অর রশিদ ও আইয়ুব খানের বেতন ভাতার সরকারী অংশ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত রাখা হইবে। একই সাথে পরীক্ষায় নকল সরবরাহে সহায়তা করার দায়ে হাটখোলা উচ্চ বিদ্যালয়ের (দাউদকান্দি) শিক্ষক আলমাছ আলী ভূইয়া, রায়পুর উচ্চ বিদ্যালয়ের সুধীরচন্দ্র দেবনাথ, মোঃ নূরুলবী, নবগ্রাম উচ্চ বিদ্যালয়ের জাহাঙ্গীর আলম, জগৎপুর মাধনা উচ্চ বিদ্যালয়ের ফজলুর রহমান ভূইয়া, গাজীপুর খান উচ্চ বিদ্যালয়ের কাজী এনামুল হকসহ ৯ জনের বেতন ভাতার সরকারী অংশ ৬ মাস স্থগিত থাকিবে। উল্লেখ্য, হালুয়াঘাট ও চকোরিয়ায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় সরকার তড়িৎগতিতে এই শাস্তিমূলক ব্যবস্থা নিয়াছে।